

# বিইউবিটিতে বিগ ব্যাং তত্ত্ব নিয়ে সেমিনার অনুষ্ঠিত



ছবি-সংগৃহীত

সমকাল ডেস্ক

প্রকাশ: ০২ জুলাই ২০২৫ | ১৮:৪৫



বাংলাদেশ ইউনিভার্সিটি অব বিজনেস অ্যান্ড টেকনোলজিতে (বিইউবিটি) বিগ ব্যাং তত্ত্ব নিয়ে এক সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার বিইউবিটির আন্তর্জাতিক সম্মেলন হলে ‘চল্লিশ মিনিটে মহাজাগতিক ইতিহাস : বিগ ব্যাং তত্ত্বের সংক্ষিপ্ত পরিচিতি’ শীর্ষক এ সেমিনারটি অনুষ্ঠিত হয়।

বিইউবিটি ভাইস-চ্যান্সেলর লেকচার সিরিজের অংশ হিসেবে বিইউবিটি রিসার্চ অ্যান্ড ইনোভেশন সেন্টার (বিআরআইসি) সেমিনারটির আয়োজন করে।

সেমিনারে প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. সালেহ হাসান নকীব। তিনি অত্যন্ত সহজ ভাষায় মহাবিশ্বের সৃষ্টি, কসমিক বিবর্তনের বিভিন্ন ধাপ এবং বিগ ব্যাং তত্ত্বের বৈজ্ঞানিক ব্যাখ্যা উপস্থাপন করেন। মহাকাশবিজ্ঞান বিষয়ে জ্ঞান ও গবেষণাভিত্তিক তার উপস্থাপন ও সুস্পষ্ট ব্যাখ্যায় উপস্থিত সবাই মুগ্ধ হন।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিইউবিটির উপাচার্য অধ্যাপক ড. এবিএম শওকত আলী। তিনি তার বক্তব্যে বলেন, এই ধরনের সেমিনার শিক্ষার্থীদের বিজ্ঞানভিত্তিক চিন্তা ও গবেষণার আগ্রহ বৃদ্ধিতে সহায়ক হবে।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিইউবিটি’র আইকিউএসি এবং বিআরআইসির পরিচালক অধ্যাপক শান্তি নারায়ণ ঘোষ। তার বক্তব্যে বলেন, বিইউবিটি সবসময় শিক্ষার্থীদের মৌলিক জ্ঞানের পরিধি বাড়াতে এ ধরনের জ্ঞানবহুল আলোচনা ও গবেষণার সুযোগ সৃষ্টি করে যাচ্ছে।

সেমিনারে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় চেয়ারম্যান, শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী এবং শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। এই সেমিনার বিইউবিটির শিক্ষা প্রসারের ধারাবাহিক প্রচেষ্টার একটি গুরুত্বপূর্ণ অংশ হিসেবে বিবেচিত হচ্ছে। সংবাদ বিজ্ঞপ্তি